আজকের কাগজ

তারিখ 11 JAN 1993
পৃষ্ঠা ৬ কলাম ৪

# নিবন্ধন করাতে না পেরে প্রাথমিক বিদ্যালয়গুলো বন্ধের উপক্রম

পাবনা জেলার ভাঙ্গুড়া থানার বেসরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো নিবন্ধন করাতে না পেরে সরকারি অনুদান থেকে বঞ্চিত হয়ে বন্ধের উপক্রম হয়েছে। স্থানীয় শিক্ষা দপ্তর থেকে জানা গেছে ভাঙ্গুড়ায় ১৯৯০ সালের হিসেব অনুযায়ী ২৩টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ছিলো। এসব বিদ্যালয়ের মধ্যে ১৫টি বিদ্যালয় ১৯৯০ সালে রেজিস্ট্রেশন করাতে সক্ষম হয়। রেজিস্ট্রেশন প্রাপ্ত বিদ্যালয়ের শিক্ষকরা ৫শ' টাকা ভাতা পেলেও রেজিস্ট্রেশন করাতে ব্যর্থ বিদ্যালয়গুলো সকল প্রকার অনুদান থেকে বঞ্চিত। ফলে একদিকে যেমন এসব বিদ্যালয়ে শিক্ষা দান অনিশ্চিত হয়ে পড়েছে। অপর দিকে এ সব বিদ্যালয়ে কর্মরত ৩২ জন শিক্ষক অনিশ্চিয়তার মধ্যে পরিবার পরিজন নিয়ে মানবেতর জীবন কাটাচ্ছে। ভাঙ্গুড়া থেকে বিকাশ কুমার চন্দ।